পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২

ফোন: ০২৪৭-৮৮৮৩৪৭১, ইমেইল: registrar@pstu.ac.bd

তারিখ: ০৭/১০/২০২৩

চূড়ান্ত ভর্তি সম্পন্ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে GST গুচ্ছের অধীনে ভর্তি প্রক্রিয়ার ৫ম (বিশেষ) পর্যায়ের যে সকল ছাত্রছাত্রীরা চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে **আগামী ০৮/১০/২০২৩ ও ০৯/১০/২০২৩ তারিখ প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে (বিশ্ববিদ্যালয় অডিটোরিয়াম GST বুথ, দুমকি, পটুয়াখালী) সশরীরে উপস্থিত হয়ে** HSC ও SSC/Equivalent পরীক্ষার মূল নম্বরপত্র **জমাদান এবং** ভর্তি ফরম ও অন্যান্য ফরম সংগ্রহ করে Admission Guideline (অনলাইন ভর্তি ফরম পূরন, ফি প্রদান ও কাগজপত্র জমা দেওয়া) অনুযায়ী নিজ নিজ অনুষদে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, আবেদনকারীর নাম, ইউনিট, এঝএঞ রোল, নির্বাচিত বিষয় ও মেধাক্রম লিখিত **একটি মোটা A4 খামে মূল নম্বরপত্র** দুটি জমা দিতে হবে। জমাদানের সময় টেকনিক্যাল কমিটির সদস্য কর্তৃক স্বাক্ষর ও সিল দেওয়া একটি জমাদান স্লিপ সংগ্রহ করতে হবে ।

ক. চূড়ান্ত ভর্তি সংক্রান্ত সময়সূচী:

ক্র.নং	তারিখ	বিষয়বস্তু
১.	০৭/১০/২০২৩ খ্রিঃ হতে (সন্ধ্যা ৭.০০ টা থেকে) ১০/১০/২০২৩ খ্রিঃ পর্যন্ত (বিকাল ৪:০০ টা পর্যন্ত)	**অনলাইনে অবশিষ্ট ভর্তি ফি (অনলাইন চার্জসহ) ২০৩০/- (দুই হাজার ত্রিশ) টাকা জমা প্রদান**
২.	০৮/১০/২০২৩ খ্রিঃ হতে ০৯/১০/২০২৩ খ্রিঃ পর্যন্ত (সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত)	**১. সশরীরে উপস্থিত হয়ে HSC ও SSC/Equivalent** পরীক্ষার মূল নম্বরপত্র জমাদান **২. সশরীরে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান ও চূড়ান্ত ভর্তি নিশ্চিতকরণ**

খ. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী:

১. **ভর্তির সময়** GST **প্রবেশপত্র, এসএসসি পাশের মূল সনদ ও এইচএসসি পাশের মূল সনদ/ প্রশংসাপত্র, এসএসসি ও এইচএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সদ্য তোলা ৪ কপি স্ট্যাম্প ও ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি প্রদান করতে হবে। যে সকল ছাত্র-ছাত্রী GST ভুক্ত অন্য কোন বিশ্ববিদ্যালয়ে অনলাইন ভর্তি হয়ে ইতোমধ্যে এসএসসি ও এইচএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করেছে তাদেরকে জমাপ্রদান রশিদের মূল কপি জমা দিতে হবে।**

২. প্রার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য সব মিলিয়ে আনুমানিক সর্বোচ্চ ১১০০০/-(এগারো হাজার) টাকা প্রয়োজন হতে পারে (পূর্বে ভর্তির সময় GST System-এ প্রদানকৃত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা সহ)। উল্লেখ্য হল ভর্তি ফি (৩১২০ টাকা) ক্লাসশুরুর পূর্বে নোটিশ অনুযায়ী নির্ধারিত হল এটাচমেন্ট অনুযায়ী সংশ্লিষ্ট হলের হল অফিসে জমা দিতে হবে ।

৩. যারা যে কোটায় ভর্তির জন্য নির্বাচিত হবে তাদের অবশ্যই মূল মুক্তিযোদ্ধা সনদ/উপজাতি সনদ/প্রতিবন্ধী/পোষ্য-সন্তান/হরিজন-দলিত সনদ/ প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সনদ দেখাতে হবে এবং তার ফটোকপি প্রদান করতে হবে।

[বিঃ দ্রঃ ক. মুক্তিযোদ্ধা নাতি/নাতনি দের উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান অমুক মর্মে সনদ;

খ. উপজাতি কোটার প্রার্থীকে জেলা প্রশাসকের সনদ;

গ. প্রতিবন্ধী প্রার্থীকে উপজেলা সমাজকল্যান কর্মকর্তার সনদ;

ঘ. হরিজন-দলিত প্রার্থীদের উপজেলা নির্বাহী কর্মকর্তার (অফিসিয়াল প্যাডে) সনদ প্রদান করতে হবে।

ঙ. প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সনদ দেখাতে হবে এবং তার ফটোকপি প্রদান করতে হবে।উল্লেখ্য সংশ্লিষ্ট সনদ অবশ্যই https://wewb.gov.bd/ এই ওয়েবসাইটে আপলোড করা থাকতে হবে ।

চ. পোষ্য কোটার জন্য বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার মহোদয় এর নিকট হতে প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে ।

(নমুনা কপি ওয়েবসাইটে (https://admission.pstu.ac.bd) পাওয়া যাবে)।

৪. সকল ছাত্রছাত্রীকেই হল এটাচ্‌মেন্ট গ্রহণ করতে হবে। প্রাপ্যতা সাপেক্ষে মেধানুসারে ছাত্রছাত্রীদেরকে হলে সিট বরাদ্দ করা হবে।

৫. প্রতি সেমিস্টারের কোর্স ফি ও এনরোলমেন্ট ফি প্রদান পূর্বক এনরোল করতে হবে।

৬. প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তীতে তার ভর্তি বাতিল হবে।

৭. প্রকাশিত নিয়মনীতি বা পরিক্রমার বিরুদ্ধে কোন আপিল গ্রহণযোগ্য হবে না।

৮. ভর্তি সংক্রান্ত নীতিমালায় যে কোন পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯. ভর্তি সংক্রান্ত যাবতীয় আপডেট তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (https://admission.pstu.ac.bd) পাওয়া যাবে।

গ. টেকনিক্যাল সহযোগিতার জন্য হেল্পলাইনঃ ০১৯২৭০৪৬৩৯৪, ০১৫৫৮৯১০৭৪১ (মোঃ মাহমুদুল হাসান ফয়সাল, কম্পিউটার প্রোগ্রামার, পবিপ্রবি)
০১৭১২৬৫৩২১০ (ড. মোঃ: শামসুজ্জামান, অধ্যাপক, সিসিই বিভাগ ও সদস্য সচিব, টেকনিক্যাল উপকমিটি)

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. সন্তোষ কুমার বসু)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ও সদস্য-সচিব
ভর্তি কমিটি ২০২২-২০২৩, পবিপ্রবি

Admission Guideline

১. নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে যে সকল ছাত্রছাত্রীরা পূর্বে প্রাথমিক ভর্তির সময় GST System-এ ৫০০০/-(পাচ হাজার) টাকা প্রদান পূর্বক চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদের চূড়ান্ত ভর্তির জন্য প্রয়োজনীয় তথ্যাবলী ও ভর্তির অবশিষ্ট ফি ২০০০/-(দুই হাজার টাকা) বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (https://admission.pstu.ac.bd) ব্রাউজের মাধ্যমে দাখিল করতঃ চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে:

i. অনলাইনে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া শুরু করার পূর্বে নির্বাচিত শিক্ষার্থীকে **Admission Guideline** ভালভাবে পড়ে নির্দেশনা মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ii. আবেদনের শুরুতে Admission Home>>Apply Now লিংকে ক্লিক করে GST Admission Unit এবং GST Applicant ID সঠিকভাবে দিয়ে Next to Apply বাটনে ক্লিক করতে হবে।

iii. GST আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরটি প্রদর্শিত হবে এবং উক্ত নম্বরটি ভেরিফাই করার জন্য SEND OTP বাটনে ক্লিক করতে হবে। অতঃপর উক্ত মোবাইল নম্বরে একটি ৬ সংখ্যার OTP (উদাহরণ: Your OTP is 123456) পাঠানো হবে। গ্রহনকৃত ৬ সংখ্যার OTP নির্ধারিত Enter OTP তে প্রদান করে VERIFY বাটনে ক্লিক করলে Login অপশন প্রদর্শিত হবে।

iv. Login অপশন হতে GST Applicant ID এবং GST Password সঠিকভাবে দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে Password ভুলে গেলে https://gstadmission.ac.bd/ এর মাধ্যমে Recover করা যাবে।

v. এই পেইজের শুরুতে নির্বাচিত শিক্ষার্থীর ছবিসহ SSC এবং HSC লেভেলের তথ্য প্রদর্শিত হবে ।

  a. প্রথম অংশে নির্বাচিত শিক্ষার্থীর প্রাথমিক তথ্যাবলী, Applicant Information (GST Admission Test Summary, Selected Subject ও Admission Status) এবং HSC and SSC/Equivalent Exam Info প্রদর্শিত হবে।

  b. দ্বিতীয় অংশে Update Information and Payment বাটনে ক্লিক করে পরবর্তী পেইজে যেতে হবে।

vi. এই পেইজে ভর্তি ফরম সংক্রান্ত সকল তথ্য, Additional Info সঠিক ভাবে প্রদান পূর্বক Save and Next ক্লিক করে Save করে নিতে হবে। তথ্য সঠিক ভাবে Save হলে পরবর্তী Payment পেইজে Redirect হয়ে পেমেন্ট অ্যামাউন্ট সহ Pay Now বাটন প্রদর্শিত হবে। উল্লেখ্য, যদি কোনও তথ্য সংশোধনের প্রয়োজন হয় তবে Preview your information here মেন্যু হতে প্রয়োজনীয় সংশোধন তথ্য করা যাবে।

vii. Pay Now বাটনে ক্লিক করে CARDS (Visa/Master/DBBL Nexus/Qcash), MOBILE BANKING (Bkash/ Nagod/ Mcash/ Mycash/ Tap/ Ok Wallet/ Dmoney/Rocket/Celfin) অথবা NET BANKING এর মাধ্যমে অবশিষ্ট ভর্তি ফি প্রদান করতে হবে।

viii. সবশেষে আবেদনকারীকে Download Slip বাটনে ক্লিক করে Acknowledgement Slip কপি ডাউনলোড ও Print করে বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত পরবর্তী প্রক্রিয়ার জন্য সংরক্ষণ করতে হবে।

ix. বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজনীয় কাগজ-পত্র সহ সশরীরে উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে ।

x. অনলাইনে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়ার সময় যেকোনো সমস্যা Complain Box এ অথবা হেল্প লাইনে যোগাযোগ করতে হবে।

Admission Process Flowchart